**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ২০১৬ সালের প্রতিবেদন

মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.১৮ অনুসরণে জনপ্রশাসনের কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি ও নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। তারই ধারাবাহিকতায়মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের "ইনোভেশন টিম গঠন" এবং "ইনোভেশন টিমের কার্যপরিধি" অনুসারে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক ২০১৬ সালের জানুয়ারী হতে ডিসেম্বর পর্যন্ত যে সকল সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে যেসকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর ভিত্তি করে ২০১৬ সালের ইনোভেশন টিমের প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

### ক. ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রতিবেদন

মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ গত ০১/০১/২০১৬ খ্রিঃ হতে ৩১/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ই-ফাইলিং কার্যক্রম দ্রুত চালু করা,ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সরকারি ক্রয় সংক্রান্ত সকল দরপত্র ই-জিপিতে অন্তর্ভুক্তকরণ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইট আপ-টু-ডেট রাখা এবং GRS Application টি ওয়েবসাইটে সংযুক্তকরণ ইত্যাদি।

গত ০১/০১/২০১৬ খ্রিঃ হতে ৩১/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি নিম্নে ছক আকারে উল্লেখ করা হ'লঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের দপ্তর/সংস্থার সংগে APA সংক্রান্ত তথ্য বিনিময়ের জন্য গ্রুপ মেইল তৈরি করতে হবে এবং APA সংক্রান্ত তথ্য Update রাখতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের দপ্তর/সংস্থার সংগে APA সংক্রান্ত তথ্য বিনিময়ের জন্য একটি গ্রুপ মেইল তৈরি করা হয়েছে এবং দপ্তর /সংস্থার APA সংক্রান্ত ফোকাল পয়েন্টদের উক্ত গ্রুপ মেইলে সংযুক্ত করা হয়েছে। |
| ০২ | ই-ফাইলিং নতুন ভার্সনের সফটওয়্যারের উপর প্রশিক্ষণের জন্য A2I এর সাথে যোগাযোগ করতে হবে। | ই-ফাইলিং নতুন ভার্সনের সফটওয়্যারের উপর প্রশিক্ষণে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য A2I এর সাথে যোগাযোগ করা হয়েছে। |
| ০৩ | শোস্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি ও সেবায় উদ্ভাবন প্রক্রিয়ায় মতামত গ্রহণের জন্য ফেসবুকে একটি পেজ খুলতে হবে। | শোস্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি ও সেবায় উদ্ভাবন প্রক্রিয়ায় মতামত গ্রহণের জন্য ফেসবুকে Posts and Telecommunications Division নামে একটি পেজ খোলা হয়েছে। |
| ০৪ | GRS Application টি ওয়েবসাইটে সংযুক্ত করতে হবে। | GRS Application টি ওয়েবসাইটে ইতোমধ্যে সংযুক্ত করা হয়েছে। এই Application টির মাধ্যমে জনগণের দোরগোড়ায় খুব সহজে অনলাইনে সেবা পৌছানো যাচ্ছে। |
| ০৫ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সরকারি ক্রয় সংক্রান্ত সকল দরপত্র ই-জিপিতে অন্তর্ভুক্ত করতে হবে। | এ বিভাগে ই-টেন্ডারিং চালু করার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২(দুই) জন মনোনীত কর্মকর্তা ই-টেন্ডারিং এর উপর CPTU হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।এ বিভাগকে e-GP পোর্টালে অন্তর্ভূক্তির জন্য প্রশিক্ষণ, User ID ও Password প্রদানের জন্য ইতোমধ্যে সিপিটিইউ এ পত্র প্রেরণ করা হয়েছে। |
| ০৬ | নতুন ভার্সনের ই-ফাইলিং সফটওয়্যারটি চালু করার বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। | নতুন ভার্সনের ই-ফাইলিং সফটওয়্যারটি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রশাসন শাখা, আইসিটি সেল এবং অডিট শাখায় চালু করা হয়েছে। অন্যান্য শাখায় ই-ফাইলিং চালু করার বিষয়টি চলমান রয়েছে। |
| ০৭ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইটের হালনাগাদ কার্যক্রম চলমান রাখতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইটের হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। জনসাধারনের সম্মুখে প্রকাশ করা যাবে এরূপ দাপ্তরিক প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডারসমূহ নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। |

# বিএসসিসিএল-র ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন

| ক্রম নং | কার্যক্রম | বাস্তবায়ন ও অগ্রগতি |
|---|---|---|
| ০১ | বিএসসিসিএল সেবা (IPLC এবং IP Transit) সমূহকে গ্রাহকদের নিকট সহজীকরণের জন্য Online Complain Service চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিএসসিসিএল সেবা (IPLC এবং IP Transit) সমূহকে গ্রাহকদের নিকট সহজীকরণের জন্য Online Complain Service টি ইতিমধ্যে চালু করা হয়েছে। |
| ০২ | বিএসসিসিএল-এ বিনিয়োগকারীদের সেবা (ডিভিডেন্ট, ডিভিডেন্ট নোটিশ, ট্যাক্স সার্টিফিকেট ইত্যাদি) সহজীকরণের জন্য Online এ আবেদন ও নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | কোম্পানীর শেয়ারে বিনিয়োগকারীদের সেবা (ডিভিডেন্ট, ডিভিডেন্ট নোটিশ, ট্যাক্স সার্টিফিকেট ইত্যাদি) সহজীকরণের জন্য Online এ আবেদন ও নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। |
| ০৩ | বিএসসিসিএল এর সেবা (IPLC এবং IP Transit) সমূহকে সহজীকরণের জন্য Online Service Order Form (SOF) এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিএসসিসিএল এর সেবা (IPLC এবং IP Transit) সমূহকে সহজীকরণের জন্য Registration Form, হালনাগাদ Agreement, IPLC ও IP Transit tariff এর কপি বিএসসিসিএল এর Web site-এ Upload করা হয়েছে। গ্রাহকগণকে আর প্রধান কার্যালয় এসে এসব তথ্য নিতে হয়না। |
| ০৪ | ই-টেন্ডারিং সিস্টেম ডেভেলপমেন্ট | ই-টেন্ডারিং পদ্ধতি বিএসসিসিএল-এ চালুকরণের লক্ষ্যে গত ০৮/০২/২০১৬ খ্রিঃ তারিখে সিপিটিইউ বরাবর e-GP Portal-এ অন্তর্ভূক্তির জন্য তথ্যাদি (Form এর মাধ্যমে) সহ আবেদন করা হয় এবং পরবর্তীতে ১০ই মার্চ, ২০১৬ খ্রিঃ তারিখে E-mail (noreply@procure.gov.bd) এর মাধ্যমে e-GP System এ Login এর জন্য বিএসসিসিএল-এ Account details প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে ইতিমধ্যে বিএসসিসিএল এর ০২ জন প্রতিনিধিকে Organization Administration কার্যক্রমের উপর ১ দিনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এখানে উল্লেখ্য যে, "National e-government procurement (e-GP) Training of PE User" বিষয়ে বিএসসিসিএল এর ০২ (দুই) জন প্রতিনিধিকে মাত্র ০২ (দুই) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরবর্তীতে ই-জিপি প্রশিক্ষণের জন্য বিএসসিসিএল হতে ০৫ (পাঁচ) জন প্রতিনিধিকে মনোনয়ন করে গত ২৩/১১/২০১৬ খ্রিঃ তারিখে সিপিটিইউকে পত্র দেওয়া হলেও অদ্যাবধি সিপিটিইউ হতে প্রশিক্ষণ সিডিউল পাওয়া যায়নি।<br>বর্ণিতাবস্থায়, উক্ত Account এর মাধ্যমে e-Tender গ্রহণ, প্রক্রিয়াকরণ ও পরিচালনার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্তি স্বাপেক্ষে ই-জিপি ক্রয় কার্যক্রম প্রক্রিয়া চালু করা হবে। |
| ০৫ | কক্সবাজার ল্যান্ডিং স্টেশনে ২টি সৌর প্যানেল স্থাপনের পরিকল্পনা প্রনয়ন। | Technical Documents বিশ্লেষণ করা হচ্ছে এবং বর্তমান প্রেক্ষাপটে আরো Technical analysis প্রয়োজন এবং তা সম্পন্ন করার পর Tender committee পরবর্তী কার্যক্রম পরিচালনা করবে। |

## টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন

| ক্রঃ নংঃ | প্রস্তাবিত বিষয় | বাস্তবায়নকাল | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল | পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১। | Cloud computing/ Server virtualization | জানুয়ারি ২০১৬-ডিসেম্বর ২০১৬ | মহাব্যবস্থাপক, আইটি এন্ড বিলিং | বিভিন্ন সেবা সহজে চালু করণ | Server স্থাপন |
| ২। | SIM Tracking | জানুয়ারি ২০১৬-ডিসেম্বর ২০১৬ | মহাব্যবস্থাপক, আইটি এন্ড বিলিং | বিভিন্ন সেবা সহজে চালু করণ | Server স্থাপন |
| ৩। | Policy Control & Charging Rule Function (PCRF) | জানুয়ারি ২০১৬-ডিসেম্বর ২০১৬ | মহাব্যবস্থাপক, আইটি এন্ড বিলিং | বিভিন্ন সেবা সহজে চালু করণ | Server স্থাপন |
| ৪। | Small Cell to connect unreachable | জানুয়ারি ২০১৬-ডিসেম্বর ২০১৬ | মহাব্যবস্থাপক, আইটি এন্ড বিলিং | বিভিন্ন সেবা সহজে চালু করণ | Server স্থাপন |

## টেশিস-এর ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন

| ক্র: নং | কার্যক্রম | বাস্তবায়ন ও অগ্রগতি |
|---|---|---|
| ০১. | ই-টেন্ডারিং | প্রোফাইল তৈরীর কাজ সম্পন্ন। অচিরেই ই-টেন্ডার এর কাজ শুরু করা হবে। |
| ০২. | ই- ফাইলিং | A2I থেকে সিদ্ধান্ত আসার জন্য অপেক্ষমান |

ছ. বাংলাদেশ কেবল শিল্প লিমিটেড (বিসিএসএল) -র২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন ও অগ্রগতি |
|---|---|---|
| ১। | উৎপাদন পরিকল্পনাঃ ২০১৬ সালে ১,৯০,০০০ ফাইবার কিলোমিটার অপটিকাল ফাইবার কেবল এবং ২০,০০০ কন্ডাক্টর কিলোমিটার কপার কেবল উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। | নতুন একটি সেকেন্ডারী কোটিং লাইন মেশিন স্থাপনের ফলে লক্ষ্যমাত্রার বিপরীতে ৩,৬৬,৫৩৩ ফাইবার কিলোমিটার অপটিকাল ফাইবার কেবল উৎপাদিত হয়েছে। এছাড়া ২৮,১১৫ কন্ডাক্টর কিলোমিটার কপার কেবল উৎপাদিত হয়েছে। |
| ২। | Duct Plant স্থাপনঃ বিদ্যমান প্লান্টের পাশাপাশি অপটিকাল ফাইবার কেবল লাইন সঞ্চালনে ব্যবহৃত Duct উৎপাদনের জন্য ২,০০০ কিলোমিটার উৎপাদন ক্ষমতা সম্পন্ন Duct Plant স্থাপনের পরিকল্পনা গৃহীত হয়েছিল। | গত সেপ্টেম্বর ২০১৬ মাসের মধ্যেই Duct Plant স্থাপনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে Duct উৎপাদন ও সরবরাহের কাজ চলছে। |
| ৩। | Power Cable Plant স্থাপনঃProduct diversification এর অংশ হিসাবে দেশের ক্রমবর্ধমান বিদুৎ চাহিদা পূরণের জন্য উৎপাদিত বিদুৎ সরবরাহের লক্ষ্যে PowerCable Plan স্থাপনের পরিকল্পনা গৃহীত হয়েছিল। | Power Cable Plant স্থাপনের বিষয়টি বাকেশি বোর্ড সভায় অনুমোদিত হয়েছে। বর্তমানে টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। আগামী ৩০ জানুয়ারী ২০১৭ই তারিখে টেকনিকাল অফার এর ওপেনিং হবে। |
| ৪। | Web Page Up grade করণের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। | প্রতিনিয়ত প্রতিষ্ঠানের Web Page Up grade করণ চলমান রয়েছে। |
| ৫। | মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণঃ মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের জন্য বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক সম্পর্ক উন্নয়ন এবং ডায়েরী, ক্যালেন্ডার প্রস্তুত ও বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। | বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক সম্পর্ক উন্নয়ন কার্যক্রম অব্যহত রয়েছে। এছাড়া ২০১৬ সালের ডায়েরী, ক্যালেন্ডার প্রস্তুত ও বিতরণ করা হয়েছে। |
| ৬। | দক্ষ জনবল ও কম্পিউটার সংখ্যা বৃদ্ধিকরার সিদ্ধান্ত হয়েছিল। | দক্ষ জনবল ও কম্পিউটার সংখ্যা বৃদ্ধিকরণ চলমান রয়েছে। |
| ৭। | প্রয়োজনীয় প্রশিক্ষণঃ প্রতিষ্ঠানের জনবলকে প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। | প্রতিষ্ঠানের জনবলকে প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিকরণ চলমান রয়েছে। |

## বাংলাদেশ ডাক বিভাগের ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়ন কাল | কার্যক্রম থেকে প্রত্যাশিত সুযোগ সুবিধা | সুযোগ সুবিধা সৃষ্টির জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/গ্রুপ | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১. | স্মার্ট কার্ডের মাধ্যমে ডাক বিভাগের সঞ্চয় ব্যাংকের সাধারন হিসাব পরিচালনা। | ২০১৫-১৬ | সঞ্চয় ব্যাংকের সাধারন হিসাব পরিচালনার ক্ষেত্রে মুনাফা নির্ধারনে জটিলতা, সঠিক সময়ে মুনাফা না পাওয়া বা মুনাফা কম বেশী হওয়া দূর করতে পোস্টাল ক্যাশ কার্ডের প্রচলন করতে হবে যাতে GPRS মোবাইল ফোন ব্যবহার করে POS মেশিনের সাথে সেন্টাল সার্ভারের সাথে যুক্ত করে আধুনিক ব্যাংকিং সেবা পাওয়া নিশ্চিত হবে। | জনাব জাকির হাসান নূর<br>ডিপিএমজি | প্রকল্পটির সফটওয়ার নির্মাণে এর ডিজাইন তৈরীসহ অন্যান্য কারিগরি বিষয়াদির কার্যক্রম সম্পন্ন হয়েছে। |
| ২. | ডাক জীবন বীমার দাপ্তরিক কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ। | ২০১৫-১৬ | অনলাইন পদ্ধতির মাধ্যমে ডাক জীবন বীমার আবেদন গ্রহণ এবং প্রক্রিয়াকরণ সহজ করা হবে যাতে জনগণের বীমা সম্পর্কিত বিষয়াদি অনলাইনে প্রাপ্তি সহজ ও সুলভ হয়। | জনাব মোঃ রিয়াজুল ইসলাম, আঞ্চলিক ম্যানেজার, ডাক জীবন বীমা, ঢাকা। | প্রকল্পটির সফটওয়ার নির্মাণে সফটওয়ার নির্মাণকারী প্রতিষ্ঠানের সাথে প্রাথমিক কার্যক্রম সম্পন্ন হয়েছে। |
| ৩. | ডাক বিভাগের কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ। | জুলাই' ২০০৮ থেকে জুন'২০১১ সংশোধিত জুন'২০১৩ এবং ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে জুন'২০১৪ এবং ৩০ শে জুন ২০১৭। | এ প্রকল্পের আওতায় মোবাইল মানি অর্ডার সার্ভিস থেকে সরকার তথা ডাকবিভাগ ইতোমধ্যে শুরু থেকে ৩১ মার্চ, ২০১৪ পর্যন্ত ৭৩ কোটি ৩২ লক্ষ ৫৬ হাজার ৫৫৭ টাকা নীট আয় করেছেন। Software Implemenation এর কাজ সম্পন্ন হলে ৭১ টি প্রধান ডাকঘরে, ১৩ আরএমএস অফিসে এবং ৫০ টি টাউন সাব অফিস এবং ২০০ টি উপজেলা অফিসে কাউন্টার সার্ভিস মেইল প্রসেসিং ও মেইল ট্রেসিং ও ট্রাকিং সিস্টেম চালু করে গ্রাহক সেবা উন্নত করা সম্ভব হবে এবং ডাক বিভাগের রাজস্ব আয় বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। | জনাব মোঃ জামাল পাশা, পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা। | উক্ত প্রকল্পের আওতায় ২,৭৫০ টি পোস্ট অফিসে মোবাইল মানি অর্ডার চালু করা হয়েছে। Web based application তৈরীর কাজ সম্পন্ন করে কন্দ্রীয়ভাবে মডিউল এর ট্রায়াল রান সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে প্রধান ডাকঘর সমূহে. Software চালু করার সংগৃহীত যন্ত্রপাতি ও Software লোড করে ব্যাক অফিস সার্ভারে প্রেরণ করা হয়েছে। কম্পিউটার, সার্ভার, নেটওয়ার্ক যন্ত্রপাতি, স্ক্যানার, ব্রাঞ্চ রাউডার ও ডাটাবেজ Software সংগ্রহ করা হয়েছে। ৭১ টি ডাকঘরে নেটওয়ার্ক তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে উপজেলা অফিসসমূহে এ প্রকল্পে অন্তর্ভূক্ত করায় উপজেলার জনগনও এর সুবিধা পাবেন। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়ন কাল | কার্যক্রম থেকে প্রত্যাশিত সুযোগ সুবিধা | সুযোগ সুবিধা সৃষ্টির জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/গ্রুপ | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ৪. | পোস্ট ই সেন্টার ফর রুরাল কমিউনিটি | জানুয়ারী' ২০১২ থেকে ৩০ জুন'২০১৭ | এ প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণ গ্রাম/ইউনিয়ন পর্যায়ে তাদের দোড়গোরায় অবস্থিত ডাকঘরের বিভিন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর ইকুইপমেন্টের মাধ্যমে সেবা যেমন-কম্পিউটার কম্পোজ, প্রিন্ট, ইন্টারনেট, ব্রাউজিং, স্ক্যানিং, ছবি তোলা, অনলাইনে | প্রকল্প পরিচালক | ৮৩০০ টি অফিসে ই সেন্টার চালু করা হয়েছে। যা উদ্যোক্তার মাধ্যমে পরিচালিত হচ্ছে। প্রত্যন্ত অঞ্চলের জনগন গ্রাম/ইউনিয়ন পর্যায়ে তাদের দোড়গোরায় অবস্থিত ডাকঘরে বিভিন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর ইকুইপমেন্টের মাধ্যমে সেবা যেমন-কম্পিউটার কম্পোজ, প্রিন্ট, ইন্টারনেট ব্রাউজিং, স্ক্যানিং, ছবি তোলা, অনলাইনে কথা বলা ও ভিডিও কনফারেন্সিং করা সুবিধাদি গ্রহণ করতে পারছেন। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | কথা বলা ও ভিডিও কনফারেন্সিং করা সুবিধা গ্রহণ করতে পারবেন। এ ছাড়া প্রতিটি ই-সেন্টারে গ্রামাঞ্চলের আগ্রহী ব্যক্তিবর্গকে কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। | | |
| ৫. | তথ্যপ্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর নির্মাণ। | জুলাই'২০১১ থেকে ৩০ জুন'২০১৭ | উক্ত প্রকল্পের আওতায় ১০০০ টি দুই কক্ষ বিশিষ্ট গ্রামীন ডাকঘর ভবন নির্মাণ করা হবে। এই সকল ভবনের একটি কক্ষে ডাকঘরের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা হবে এবং অপর কক্ষটি ই-সেন্টার হিসাবে ব্যবহৃত হবে। | জনাব তরুন কান্তি শিকদার, প্রকল্প পরিচালক (পরিচালক), ডাক অধিদপ্তর, ঢাকা। | ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত কার্যাদেশপ্রাপ্ত ৩৫১ টি ডাকঘরের মধ্যে ২৩০ টি ডাকঘরের নির্মাণ কাজ শেষ হয়েছে এবং ১২১ টি ডাকঘরের নির্মাণ কাজ বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে। চলতি ২০১৬-১৭ অর্থ বছরের ১ম পর্বে ১৮৮ টি ডাকঘরের ইজিপি আহবান করা হয়, যা গত ১৯ এবং ২০ ডিসেম্বর, ২০১৬ ইং তারিখে উন্মোমাচন করা হয়েছে। এই সকল ভবনের একটি কক্ষে ডাকঘরের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা হচ্ছে এবং অপর কক্ষটি ই-সেন্টার হিসাবে ব্যবহৃত হচ্ছে। |
| ৬. | ডাকঘর সঞ্চয় ব্যাংকের সেবা গ্রহীতাদের ইউজার ইন্টারফেস | ২০১৬-২০১৭ | ডাকঘর সঞ্চয় ব্যাংকের সেবা গ্রহীতাদের সঞ্চয় ব্যাংক সম্পর্কিত বিভিন্ন সেবা গ্রহণের ক্ষেত্রে আবেদনসমূহ অনলাইনে গ্রাহকের অনুপস্থিতিতেই নিস্পত্তি করা সম্ভব হবে। আবেদন নিষ্পত্তি হওয়া মাত্রই সেবাগ্রহীতা তার মোবাইলে মেসেজে পাবেন। ফলে গ্রাহকের ভোগান্তি লাঘব হবে। | খন্দকার শাহনূর সাব্বির পোস্টমাস্টার, যশোর প্রধান ডাকঘর. যশোর লিয়েনে এটুআই প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। | প্রকল্পটির সফটওয়ার নির্মাণে সফটওয়ার নির্মাণকারী প্রতিষ্ঠানের সাথে প্রাথমিক কার্যক্রম সম্পন্ন হয়েছে। ডাটাবেজ তৈরীর কাজটি অপেক্ষমান রয়েছে। |
| ৭. | কার্যকরভাবে ০৬ ডিজিটের পোস্টকোড প্রবর্তন, পোস্টকোড ব্যবহার নিশ্চিতকরণ ও নির্ভুলভাবে ঠিকানা প্রণয়ন। | ২০১৬-২০১৭ | জনাব আনন্দ মোহন দত্ত পরিচালক (সঞ্চয় ও বীমা) ডাক অধিদপ্তর, ঢাকা। | বর্তমানে ডাক বিভাগে ০৪ ডিজিটের পোস্টকোড চালু রয়েছে। বর্তমানে প্রচলিত পোস্টকোডে শাখা ডাকঘর এবং অবিলিকারী টাউন সাব পোস্ট অফিসের জন্য আলাদাভাবে পোস্ট কোড চালু নেই। ০৬ ডিজিটের পোস্টকোড প্রবর্তন করা হলে সকল অফিসের পোস্ট কোড প্রদান করা সম্ভব হবে। ফলে জনগণের সেবা প্রদান সহজ হবে। | সকল ডাকঘরের স্বতন্ত্র পোস্ট কোড চালু করা হলে নাগরিক সেবা দ্রুত ও সহজ হবে। ০৬ ডিজিট পোস্ট কোড প্রবর্তনের ফলে পোস্ট কোডসমূহ জনমূখী ও সহজবোধ্য করার লক্ষ্যে ডাক বিভাগের ওয়েবসাইটে সন্নিবেশন করা হবে। ফলে গ্রহকগণ সহজেই তাদের স্ব স্ব পোস্টকোড খুঁজে পাবেন। |

<u>বিটিসিএল-এর ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন</u>

| ক্রয় নং | কার্যক্রম | বাস্তবায়ন ও অগ্রগতি |
|---|---|---|
| ০১ | বিটিসিএল-এর সেবাসমূহ পর্যায়ক্রমে অনলাইনে প্রদানের ব্যবস্থা গ্রহণ। প্রাথমিকভাবে .bd, .বাংলা, ডাটা/VPN, ইন্টারনেট সংক্রান্ত সেবাসমূহ অনলাইনে প্রদান করা হবে | .bd, .বাংলা, ডোমেইন অনলাইনে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ডাটা/VPN, ইন্টারনেট সংক্রান্ত সেবাসমূহ অনলাইনে প্রদান সীমিত আকারে চালু করা হয়েছে। ফেব্রুয়ারী'১৭ এর মধ্যে সম্পূর্ণ রুপে চালু হবে। |
| ০২ | বিটিসিএল-এর ADSL/GPON সেবার জন্য গ্রাহকগণের জন্য একটি ম্যানুয়াল বা গাইড প্রণয়ন। | ADSL সেবার একটি গ্রাহক ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে। |
| ০৩ | ডাটা ও ইন্টারনেট সংক্রান্ত সেবা সমূহ যেহেতু প্রতিটি এলাকায় স্থানীয় বিভাগীয় প্রকৌশলী পর্যায় থেকে দেওয়া হবে। তাই তাদেরকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান বা আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা। | ডাটা ও ইন্টারনেট সংক্রান্ত সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধির জন্য স্থানীয় অফিস সমূহের কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে । |
| ০৪ | পর্যায়ক্রমে ই-ফাইলিং ব্যবস্থা চালুকরণ | ই-ফাইলিং ব্যবস্থা চালুকরণের প্রশিক্ষণ চলছে এবং ফেব্রুয়ারী'১৭-এর মধ্যে কেন্দ্রীয় কার্যালয়ে চালু করার মাধ্যমে পর্যায়ক্রমে বিটিসিএল-এর সকল অফিসে ই-ফাইলিং চালু করা হবে। |

# বিটিআরসি'র - ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন

| ক্র.নং | কার্যক্রম | বাস্তবায়নওঅগ্রগতি |
|---|---|---|
| ০১. | পারসোনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম উন্নয়নের লক্ষ্যে কাস্টমাইজেশন ও প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।এছাড়া দাপ্তরিক কার্যে ERP Software এর ব্যাবহার শুরু করতে হবে। | বিটিআরসি'র সকল বিভাগের কার্যপরিধি বিবেচনায় এনে একটি Comprehensive MIS Deploy করার লক্ষ্যে সুনির্দিষ্ট চাহিদা প্রণয়ন সহকারে পূর্ণাঙ্গ প্রস্তাবনার লক্ষ্যে কমিশন কর্তৃকএকটি কমিটি গঠন করা হয়েছে। |
| ০২. | গ্রাহক স্বার্থরক্ষায় এবং জনসাধারনের অধিকতর জটিল অভিযোগসমূহ সনাক্তকরতঃ সমাধানের নিমিত্তে শর্টকোডও ওয়েবভিত্তিক গ্রাহক সেবা চালু করতে হবে। | গ্রাহক স্বার্থ রক্ষার্থে ইতোমধ্যে সরকারী ক্রয়প্রক্রিয়া যথাযথ অনুসরণ করে মনোনীত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পন্ন করা হয়েছে। বর্তমানে বিটিআরসি ২৮৭২ এবং ওয়েববক্সের গ্রাহকদের অভিযোগগ্রহণ ও নিষ্পত্তি প্রক্রিয়া বিদ্যমান আছে। |
| ০৩. | মোবাইল নম্বর পোর্টাবিলিটি সেবাচালুকরণের লক্ষ্যে সেবার লাইসেন্স মন্ত্রণালয়ের অনুমোদিত গাইডলাইন অনুযায়ী লাইসেন্স প্রদান এবং তৎপরবর্তী কার্যক্রম পরিচালনা করতে হবে। | MNP বাস্তবায়নের লক্ষ্যে সার্ভিস প্রোভাইডার নির্বাচনের চূড়ান্ত প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ০৪. | আন্তর্জাতিক সর্বোচ্চ মানের সাথে সঙ্গতি রেখে কোয়ালিটি অব সার্ভিস নিশ্চিত করার জন্য যন্ত্রপাতিসংগ্রহ, ড্রাইভ-টেস্ট ও জরিপ কার্যক্রম পরিচালনা করা। | সরকারি ক্রয় প্রক্রিয়া অনুসরণ করতঃ এর কার্যক্রম সম্পন্ন হয়েছে। কোয়ালিটি অব সার্ভিস (QoS) এর মান যাচাইয়ের লক্ষ্যে সংগৃহীত যন্ত্রপাতির মাধ্যমে নিয়মিতভাবে মোবাইল ও ওয়াইম্যাক্স অপারেটরদের নেটওয়ার্ক কোয়ালিটির মান নিরীক্ষণ করা হচ্ছে। |
| ০৫. | ইন্টারনেট সেফটি সল্যুশন (ইন্টারনেট নিরাপত্তা) ব্যবস্থা প্রবর্তন করতে হবে। | পূর্নাঙ্গ ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রী সভা কমিটিতে উপস্থাপনের নিমিত্তে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |